উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট
www.companiganj sylhet.gov.bd

SYLHET

উপজেলা পরিষদের অক্টোবর ২০২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ২৩/১০/২০২৫, বেলা-১২.০০ ঘটিকা
উপস্থিত/অনুপস্থিত সদস্য : পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত ২৪/০৯/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:	দপ্তরের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	কৃষি বিভাগ	উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	চলমান কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
০২	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে, ক্র | কার্যক্রমের নাম | অগ্রগতি ১ | ঘাসের কাটিং বিতরণ | ৩৭০টি ২ | উঠান বৈঠক আয়োজন | ১৪টি ৩ | কৃত্রিম প্রজনন | ১০০ মাত্রা ৪ | গবাদিপশুর টিকা প্রদান | ১৮৮৮ মাত্রা ৫ | হাঁস মুরগির টিকা প্রদান | ১০০০০ মাত্রা ৬ | গবাদিপশুর চিকিৎসা | ১৪৭৩টি ৭ | হাঁস মুরগির চিকিৎসা | ৫৭৫০টি ৮ | রাজস্ব আয় (কৃত্রিম প্রজনন ও টিকা বিক্রয়) | ১৮,০০০/-	গবাদি পশুর রোগ দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৩	স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	চলমান কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৪	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, ২০২৬ শিক্ষাবর্ষের ১ম, ২য় এবং ৩য় শ্রেণীর বই পাওয়া গিয়েছে এবং উপজেলার নির্ধারিত গুদামে সংরক্ষণ করা হয়েছে। এই উপজেলায় প্রতি বছর বন্যার আশংকা থাকে। শিক্ষকদের সার্ভিস রেকর্ড বহিসহ গুরুত্বপূর্ণ কাগজপত্র বন্যার কারণে নষ্ট হওয়া থেকে রক্ষা করার জন্য দোতলায় একটা রুম বরাদ্দ দেয়ার জন্য প্রস্তাব করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে।	যথাযথভাবে বই গুদামে সংরক্ষণ করতে হবে।	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।

ক্র:	দপ্তরের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৫	প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ০১) সাদাপাথর পর্যটন ঘাট উন্নয়নে ৪,২০,০০০/- (চার লক্ষ বিশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।	প্রাক্কলন অনুসারে প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট।
		০২) উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদ মাঠের পূর্ব পাশে এবং হলুরম নির্মাণের জন্য এলজিইডি ভবনের সম্মুখ প্রান্তে স্থান নির্ধারণের প্রস্তাব করা হলো। প্রস্তাবিত অংশে ভবন নির্মাণ জরিপ ও সম্ভাব্যতা নিরুপণ কাজ সম্পাদনের জন্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।	উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদ মাঠের পূর্ব পাশে এবং হলুরম নির্মাণের জন্য এলজিইডি ভবনের সম্মুখ প্রান্তে জমি বরাদ্দের অনুমোদন করা হলো। প্রাক্কলন অনুসারে প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	
		০৩) দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় টুকের বাজারে ০৪ (চার) তলা বিশিষ্ট ০২(দুই) তলা মার্কেট ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। কাজটি যথাযথভাবে সমাপ্ত হওয়ায় বহুতল বিপণী ভবন নির্মাণ তদারক ও ব্যবস্থাপনা কমিটি উক্ত ভবনটি জেলা প্রশাসক মহোদয় বরাবর হস্তান্তরের সুপারিশ করেছেন।	কমিটির সুপারিশের আলোকে মার্কেট ভবনটি জেলা প্রশাসক মহোদয় বরাবর হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।	
		০৪) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আইডি ভূক্ত থানাসদর শিলেরভাঙ্গা সড়কের সাথে উপজেলা পরিষদের সংযোগ রাস্তার পার্শ্বে গার্ডওয়াল নির্মাণে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।	প্রাক্কলন অনুসারে প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	
		০৫) বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৫-২০২৬ অর্থবছরের আওতায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(২) অনুসারে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশ অনুসারে উপজেলা উন্নয়ন তহবিল থোক বরাদ্দের (১ম-৪র্থ) কিস্তি হতে গৃহিত প্রকল্পসমূহের তালিকা পরিশিষ্ট 'গ' তে উপস্থাপন করা হলো।	পরিশিষ্ট 'গ' তে উপস্থাপিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরিশিষ্ট 'গ' এর মন্তব্য কলামে উল্লেখিত পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৬	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	চলমান কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	সহকারী প্রকৌশলী, ডিপিএইচই, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৭	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা মৎস্য দপ্তরের অনুকূলে রাজস্ব বাজেটের আওতায় ০২ ব্যাচ প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গিয়েছে। বিধিমোতাবেক আগ্রহী মাছচাষি/মৎস্যজীবীদের প্রশিক্ষণ প্রদান করা হবে। গত ০৪ অক্টোবর/২০২৫ হতে ২৫ অক্টোবর/ ২০২৫ পর্যন্ত	মৎস্যজীবদের প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করবেন।	উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।

ক্র:	দপ্তরের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		মোট ২২ দিনের মা ইলিশ সংরক্ষণ অভিযান চলছে। এ উপলক্ষ্যে বাজার পরিদর্শন ও লিফলেট বিতরণ চলমান রয়েছে।		
০৮	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, এ বছর হতে পুনরায় জুনিয়র বৃত্তি পরীক্ষা চালু হবে। শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক জরিপ কাজ চলমান রয়েছে। অত্র উপজেলায় বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম চালু আছে। ইংরেজি শিক্ষকদের ১২দিন ব্যাপী প্রশিক্ষণ শুরু হবে। পর্যায়ক্রমে সকল ইংরেজি শিক্ষককে প্রশিক্ষণে প্রেরণ করা হবে।	বিধিমতে শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক জরিপ কাজ পরিচালনা করবেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৯	মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, উত্তর রনিখাই ইউনিয়নে ১টি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।	বাল্য বিবাহ বন্ধে নিয়মিত মনিটরিং করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
১১	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
১২	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৩	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৪	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, ০১ নভেম্বর রোজ শনিবার সারাদেশের ন্যায় কোম্পানীগঞ্জ উপজেলায় ৫৪তম জাতীয় সমবায় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। এবারের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়'। ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপনে সকলের সহযোগিতা, আন্তরিকতা ও উপস্থিতি কামনা করেন।	৫৪তম জাতীয় সমবায় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৫	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা কার্যালয়ের আওতাধীন সকল ভাতা ভোগীর ভাতা শতভাগ সম্পন্ন হয়েছে। অন্যান্য সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালভাবে চলছে।	বিধিমোতাবেক ভাতাভোগী নির্বাচন করতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৬	পজীপ	উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ) সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।	উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), কোম্পানীগঞ্জ, সিলেট।
১৭	বন বিভাগ	ভারপ্রাপ্ত কর্মকর্তা সভায় জানান যে, পুর্নাছ সরকারি প্রাথমিক বিদ্যালেয়ের পূর্ব পাশে এলজিইডি রাস্তার সীমানা সংলগ্ন একটি পুকুর পাড়ে তিনটি মরা গাছ সরেজমিন পরিমাপ করে ১,৯০৭/- টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে।	প্রাক্কলিত মূল্য সর্ব সম্মতিক্রমে অনুমোদনা করা হয় এবং নিলামের মাধ্যমে বিক্রির অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা বন কর্মকর্তা কোম্পানীগঞ্জ,

ক্র:	দপ্তরের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		উপজেলা পরিষদের গেইট হতে বালিকা উচ্চ বিদ্যালয় ও ডাক বাংলো পর্যন্ত রাস্তায় অবস্থিত দুইটি রেইন্ট্রি গাছের ডালের মূল্য জ্বালানীসহ ১২,২০৪/- টাকা নির্ধারণ করা হয়েছে।	প্রাক্কলিত মূল্য সর্ব সম্মতিক্রমে অনুমোদনা করা হয় এবং নিলামের মাধ্যমে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয়।	সিলেট।
১৮	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, অক্টোবর/২০২৫ মাসে টিসিবি খাতে ৮.২৯৫ মে:টন চাল উত্তোলন করা হয়েছে। ভিজিডি খাতে ২৭.৪২০ মে:টন চাল বিতরণ করা হয়েছে। খাদ্যবান্ধব খাতে ৩০.৬০০ মে:টন চাল উত্তোলন করা হয়েছে। উক্ত চাল ১৫ টাকা কেজি দরে ৩০ কেজি প্রতিজন কার্ডধারী ভোক্তাকে দেওয়া হয়। কার্ড সংখ্যা ১০২০টি। ইপি খাতে ০.৪৬২ মে:টন চাল বিতরণ করা হয়েছে।	বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৯	বিবিধ-১	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, ভোলাগঞ্জ ১০নং ঘাটের মাঝি মোঃ বতুল্লাহ, গ্রাম-পাড়ুয়া নয়াগাঁও, কোম্পানীগঞ্জ, সিলেট পর্যটনবাহী নৌকা চালাতে গিয়ে দূর্ঘটনায় আহত হন। তার আবেদনের প্রেক্ষিতে আর্থিক সহায়তার জন্য তাকে ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ হতে প্রদান করার প্রস্তাব করেন।	উপজেলা রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-২	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, সেপ্টেম্বর হতে অক্টোবর পর্যন্ত উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের চারপাশ পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা খরচ হয়েছে।	উপজেলা রাজস্ব তহবিল (পরিস্কার পরিচ্ছন্নতা খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-৩	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, ০৩/১১/২০২৪ তারিখের স্মারক নং ০৫.৪৬.৯১২৭.০১৩.৪৬.৩৯.২১-১১০০/১ মূলে উপজেলা পরিষদের জীপ গাড়ি সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট কে ব্যবহারের অনুমতি প্রদান করা হয়। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক গাড়িটি মেরামতের পর্যাপ্ত ব্যয় সংকুলান না হওয়ায় আগস্ট হতে অক্টোবর পর্যন্ত জীপগাড়ি মেরামত ব্যয় বাবদ ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা উপজেলা পরিষদ হতে প্রদান করার প্রস্তাব করেন ।	উপজেলা রাজস্ব তহবিল (যানবাহন মেরামত খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-৪	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত বাবদ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা এবং একটি টেবিল ক্রয় বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রয়োজন।	উপজেলা রাজস্ব তহবিল (আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-৫	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের মালী পদে জনাব মোঃ রুপা মিয়া, পিতা-মৃত আব্দুল মন্নান, মাতা-মৃত মরতুন নেছা, গ্রাম-দঃ কাঁঠাল বাড়ি, সমসেরনগর, ডাকঘর-কোম্পানীগঞ্জ-৩১৪০, জেলা-সিলেট কে দৈনিক মজুরির ভিত্তিতে নিযুক্ত করার প্রস্তাব করেন।	জনাব মোঃ রুপা মিয়া, পিতা-মৃত আব্দুল মন্নান, মাতা-মৃত মরতুন নেছা, গ্রাম-দঃ কাঁঠাল বাড়ি, সমসেরনগর, ডাকঘর-কোম্পানীগঞ্জ, জেলা-সিলেট কে দৈনিক মজুরির ভিত্তিতে ০১/১১/২০২৫ তারিখ হতে নিযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-৬	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রয়োজন।	উপজেলা রাজস্ব তহবিল (অফিসসরঞ্জামাদি রক্ষণা বেক্ষণ /মেরামত খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ,

ক্র:	দপ্তরের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
				সিলেট।
	বিবিধ-৭	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর জন্য একটি পানির পাম্প ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদের জন্য একটি পানির পাম্প ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।	উপজেলা রাজস্ব তহবিল (পানির পাম্প রক্ষণা বেক্ষণ/মেরামত খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-৮	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের জন্য অনার বোর্ড স্থাপন বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।	উপজেলা রাজস্ব তহবিল (অফিস সরঞ্জাম ক্রয় খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-৯	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকায় বৈদ্যুতিক কাজ বাবদ ৩৯,৩৩০/- (উনচল্লিশ হাজার তিনশত ত্রিশ) টাকা এবং উপজেলা পরিষদের অফিস চত্বরের বৈদ্যুতিক কাজ বাবদ ৩৯,৬৭০/- (উনচল্লিশ হাজার ছয়শত সত্তর) টাকা প্রয়োজন।	উপজেলা রাজস্ব তহবিল (বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ/ মেরামত খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-১০	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের জন্য দুই টনের একটি এসি ক্রয় বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা প্রয়োজন।	উপজেলা রাজস্ব তহবিল (অফিস সরঞ্জাম ক্রয় খাত) হতে উক্ত ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট।
	বিবিধ-১১	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা লিখিতভাবে জানান যে, সিলেট জেলার দুইটি উপজেলা ব্যতিত সকল উপজেলায় আনসার বাহিনীর নিজস্ব অর্থায়নে নিজস্ব ভবন রয়েছে। কোম্পানীগঞ্জ উপজেলায় পর্যাপ্ত জায়গা না পাওয়ায় অফিস ভবন নির্মাণ করা সম্ভব হচ্ছে না। উপজেলা পরিষদের অভ্যন্তরে অথবা পরিষদ সংলগ্ন ১৫ (পনের) শতাংশ ভূমি অথবা খাস জমি বরাদ্দ প্রদান করা গেলে আনসার বাহিনীর জন্য অফিস ভবন নির্মাণ করা সম্ভব হবে। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।	আনসার বাহিনীর ভবন নির্মাণের নিমিত্ত উপজেলা পরিষদের অভ্যন্তরে অথবা পরিষদ সংলগ্ন ১৫ (পনের) শতাংশ ভূমি অথবা খাস জমি নির্ধারণের জন্য সরজমিন পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি) কে অনুরোধ করা হলো।	সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১২৭.০১৪.৪৭.০৫৭.২৫.**১০৭৭**

তারিখঃ ২৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে

০১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
০৫। জেলা.....অফিসার, সিলেট।
০৬। চেয়ারম্যান.....ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৭। উপজেলা .....অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৮। উপজেলা আইসিটি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

মোহাম্মদ রবিন মিয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।
Email:unocompaniganjsylhet@gmail.com

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

নং	নাম	পদবী
০১	হাজী মোঃ জিয়াদ আলী	চেয়ারম্যান, ১নং ইসলামপুর পশ্চিম ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
০২	মোঃ শিহাব উদ্দিন	চেয়ারম্যান (ভারপ্রাপ্ত),৩নং তেলিখাল ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৩	আসিফ খান রাবি	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৪	ইঞ্জিনিয়ার মোঃ আশিকুল ইসলাম	ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৫	মোঃ আবু সাইদ মিয়া	উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৬	ডাঃ নাবিদ হাসনাইন	উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৭	শ্যামপদ মিশ্র .	ফরেস্টার, বনবিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৮	মোঃ বেলাল হোসেন	উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৯	মোঃ আব্দুস শাকুর	উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০	মোহাম্মদ আক্তার হোসেন	উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
১১	মোঃ বদিউজ্জামান আহমদ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
১২	শিবলী আতিকা তিন্নী	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৩	মোঃ মাহবুব আলম সরকার	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৪	ডাঃ হামিদা হক	মেডিকেল অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৫	মোঃ সাজ্জাদুর রহমান সাজু	চেয়ারম্যান, ৪নং ইছাকলস ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৬	টিটু কুমার দে	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট
১৭	মনোজ কান্তি দাস চৌধুরী	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট।
১৮	মোঃ খোর্শেদ আলম প্রধান	সহকারী প্রকৌশলী, ডিপিএইচই, কোম্পানীগঞ্জ, সিলেট।

অনুপস্থিতিঃ পরিশিষ্ট 'খ'

১। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ২নং ইসলামপুর পূর্ব ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
২। চেয়ারম্যান, ৫নং উত্তর রনিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩। চেয়ারম্যান, ৬নং দক্ষিণ রনিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৬। উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।